104

দৈনিক জনকণ্ঠ

তারিখ ··· 28 AUG 1997 ··· ··
পৃষ্ঠা · ৪ কলাম ·· ৫······

# রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের দাবি জানিয়েছে শিক্ষক সমিতি

বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি সকল রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণের জোর দাবি জানিয়েছে। মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতি নেতৃবৃন্দ এ দাবি জানান।

সাংবাদিক সম্মেলনে মোঃ সামছুল আলম, আলহাজ আব্বাছ আলী শেখ, বাবু মৃগেন্দ্র মহন শাখা, বাবু জ্যোতিশ মন্ডল, আব্দুস ছাত্তার প্রমুখ উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, স্বাধীনতা যুদ্ধের পর ১৯৭৩ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের প্রায় ৩০ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করেন। দেশের শিক্ষক সমাজ এই মহান নেতার ঐতিহাসিক সিদ্ধান্তকে জন্মজন্মান্তর ধরে স্মরণ করবে।

নেতৃবৃন্দ বলেন, বিগত দিনে প্রেসক্লাবের সামনে কাফন পরিধানসহ আমরা দাবি আদায়ের লক্ষ্যে আমরণ অনশন কর্মসূচী পালন করেছি। তখন বর্তমান প্রধানমন্ত্রী আমাদের মৌলিক দাবির প্রতি একাত্মতা ঘোষণা করে বলেছিলেন, আমরা আগামী দিনে সরকার গঠন করলে কোন শিক্ষককে রাস্তায় নেমে আন্দোলন করতে হবে না।

নেতৃবৃন্দ বলেন, আমাদের দুর্ভাগ্য বাজেটে আমাদের ভাগ্য পরিবর্তনের জন্য কোন প্রকার বরাদ্দ রাখা হয়নি।

নেতৃবৃন্দ অবিলম্বে দাবি মানা না হলে আগামী ২৪ সেপ্টেম্বর জাতীয় প্রেসক্লাব হতে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে ভূখা মিছিলের কর্মসূচী ঘোষণা করেছেন। —বিজ্ঞপ্তি।